

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
(শিক্ষা ও আইসিটি শাখা)
www.coxsbazar.gov.bd

স্মারক নং-০৫.২০.২২০০.১১৫.০১.০০৩.২০১৭-৪১

তারিখ : ২০.০৪.২০১৭খ্রি.

বিষয় : শেখ রাসেল ডিজিটাল ল্যাব মনিটরিং এর জন্য কমিটি গঠন প্রসংগে।

সূত্র : ২০.০৪.২০১৭খ্রি. তারিখে অনুষ্ঠিত মত বিনিময় সভার সিদ্ধান্ত মোতাবেক।

উর্পযুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারের রূপকল্প-২০২১ 'ডিজিটাল বাংলাদেশ' গড়ার লক্ষ্যে শিক্ষা ক্ষেত্রে যুগান্তকারী পদক্ষেপ হিসেবে এবং আইসিটি শিক্ষার প্রসারের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন প্রকল্প এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর সহযোগিতায় দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভাষা প্রশিক্ষণ ল্যাব তথা শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। কম্পিউটার ল্যাবসমূহ যথারীতি চালু রাখা, এর সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা এবং স্থাপিত যন্ত্রপাতিসমূহ সচল রাখার লক্ষ্যে কম্পিউটার ল্যাব পরিচালনা নীতিমালা-২০১২ প্রণয়ন করা হয়েছে। উক্ত নীতিমালা বাস্তবায়নের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানদের সাথে সহযোগিতা চুক্তিপত্রও সম্পাদন করা হয়েছে। ফলে কম্পিউটার ল্যাবসমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীর পাশাপাশি যুব সমাজকে দক্ষ ও আধুনিক শিক্ষায় শিক্ষিত করার লক্ষ্যে শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহার এবং রক্ষণাবেক্ষণের উপর গুরুত্বারোপ করে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের সাথে কক্সবাজার জেলায় ২০.০৪.২০১৭ খ্রি. তারিখে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। শেখ রাসেল ডিজিটাল ল্যাব সুষ্ঠু ব্যবহার, রক্ষণাবেক্ষণ এর জন্য প্রণীত নীতিমালা ইতোমধ্যে সকলের নিকট প্রেরণ করা হয়েছে। জেলায় বর্তমানে ৩৯ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। ল্যাবসমূহের যথাযথ ব্যবহার নিশ্চিত করণের লক্ষ্যে এবং নিয়মিত ল্যাবসমূহ তদারকি, মনিটরিং মূল্যায়নের এর জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো :-

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), কক্সবাজার-----আহ্বায়ক
- ২। সহকারী কমিশনার(শিক্ষা ও আইসিটি), কক্সবাজার
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কক্সবাজার
- ৪। জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার
- ৫। সহকারী প্রোগ্রামার, কক্সবাজার সদর ও চকরিয়া
- ৬। ইঞ্জিনিয়ার কে.পল, কক্সবাজার
- ৭। জনাব আবু তাহের, সভাপতি, সাংবাদিক ইউনিয়ন, কক্সবাজার

উক্ত কমিটি প্রতিমাসে অন্তত ২টি উপজেলায় শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করে ল্যাবসমূহের সাথে সম্পাদিত চুক্তি, রক্ষণাবেক্ষণ সংক্রান্ত নীতিমালা-২০১২ যথাযথভাবে বাস্তবায়ন, মনিটরিং ও মূল্যায়ন করবেন এবং মূল্যায়ন/পরিদর্শন প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করবেন।



প্রাপক,

.....
.....

(কমিটির সদস্য) কক্সবাজার।

মো: আলী হোসেন
জেলা প্রশাসক
কক্সবাজার।

ফোনঃ-০৩৪১-৬৩২০০

E-mail : dccoxsbazar@mopa.gov.bd

স্মারক নং-০৫.২০.২২০০.১১৫.০১.০০৩.২০১৭-৪১

তারিখ : ২০.০৪.২০১৭খ্রি.

অনুলিপি : সদয় অবগতির জন্য।

- ১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক(প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০৩। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৪। কার্যনির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ০৫। অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), কক্সবাজার।
- ০৬। সহকারী কমিশনার(শিক্ষা ও আইসিটি)
- ০৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কক্সবাজার।
- ০৮। জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার।
- ০৯। সহকারী প্রোগ্রামার, কক্সবাজার সদর ও চকরিয়া।
- ১০। ইঞ্জিনিয়ার কে.পল, কক্সবাজার।
- ১১। জনাব আবু তাহের, সভাপতি সাংবাদিক ইউনিয়ন, কক্সবাজার।
- ১২। অফিস কপি।

জেলা প্রশাসক
কক্সবাজার।

২৪/৪/১৭